



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণসুরমা, সিলেট।

e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং : সিশিবো/পরীক্ষা/মাধ্য:/২০২৬/৯৩৭


তারিখ : ২৬ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৯ এপ্রিল, ২০২৬ খ্রি.

বিষয় : আসন্ন এসএসসি/দাখিল/কারিগরি পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে সকল কেন্দ্র সচিবদের মতবিনিময় সভায় উপস্থিত হওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে আসন্ন এসএসসি/দাখিল/কারিগরি পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট কর্তৃক সিলেট বিভাগের আওতাধীন সকল এসএসসি/দাখিল/কারিগরি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবদের নিয়ে আগামী ১৫/০৪/২০২৬খ্রি. বুধবার দুপুর ১২.০০ ঘটিকায় জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড এর অডিটোরিয়াম, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-এ অনুষ্ঠিত হবে। উক্ত মতবিনিময় সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন এমপি মহোদয় উপস্থিত থাকার জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত মতবিনিময় সভায় সিলেট বিভাগের আওতাধীন সকল এসএসসি/দাখিল/কারিগরি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবদের যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


০৭.০৪.২০২৬

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

কেন্দ্র সচিব

সিলেট বিভাগের আওতাধীন ২০২৬ সালের সকল এসএসসি/দাখিল/কারিগরি পরীক্ষা কেন্দ্র।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ (তঁার জেলার অধীনস্থ সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
- ২। পুলিশ সুপার, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ (তঁার জেলার অধীনস্থ সকল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
- ৪। জেলা শিক্ষা অফিসার, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৬। অফিস কপি।